(একই নম্বর স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২০-১০

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৬ / ১৬ ফেব্রুয়ারি ২০২০

**বিষয়: ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন ও উপনির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন ০২টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন এবং ৮১টি ইউনিয়ন পরিষদের শূন্য পদে চেয়ারম্যান, সরংক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচন (সংলগ্নী-১) ও (সংলগ্নী-২) অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরূপভাবে সময়সূচি নির্ধারণ করেছেন:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র/অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২৭ ফেব্রুয়ারি ২০২০ | বৃহস্পতিবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০১ মার্চ ২০২০ | রবিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০৮ মার্চ ২০২০ | রবিবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ মার্চ ২০২০** | **রবিবার** |

২। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ ০৪ মার্চ ২০২০ এবং দায়েরকৃত আপিল ০৭ মার্চ ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ তারিখ ০৮ মার্চ ২০২০ এবং এর পরের দিন অর্থাৎ ০৯ মার্চ ২০২০ তারিখে প্রতীক বরাদ্দের কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে। উল্লেখ্য যে, স্থগিত ইউনিয়নের নির্বাচনের ক্ষেত্রে নতুন করে সময়সূচি ঘোষণা করে নির্বাচন অনুষ্ঠান করতে হবে। তবে ইতোপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছিলেন তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না এবং পূর্বে মনোনয়নপত্র দাখিলকারীগণকে নতুনভাবে মনোনয়নপত্র দাখিলেরও সুযোগ দেয়া যাবে।

৩। **রিটার্নিং অফিসার নিয়োগ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তাকে নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে, প্রতিটি ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট উপজেলা অফিসারকে বা, ক্ষেত্রমত পার্শ্ববর্তী উপজেলার উপজেলা নির্বাচন অফিসারকে রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

৪। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুযায়ি আপিল কর্তৃপক্ষ হিসেবে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা নিয়োজিত থাকবেন।

৫। **ভোটগ্রহণের সময়সীমা :** বর্ণিত তফসিল অনুসারে ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ করা হবে।

৬। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে **সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি.** পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

৭। **প্রার্থী মনোনয়নের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকে অবহিতকরণ :** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর বিধান এবং বিধিমালার বিধি ১২ এর উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ঈ) অনুসারে চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে অবহিত করতে হবে।

৮। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা এ বিষয়ক কার্যক্রম গুরুত্বের সাথে তত্ত্বাবধান করবেন।

৯। **অন্যান্য নির্দেশনা :**

(ক) সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

(খ) আইন, বিধি এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

১০। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে সংলগ্নী-১ ও সংলগ্নী-২ এ উল্লিখিত ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

১৬/০২/২০২০

সংলগ্নী: উপরে বর্ণিত


মোঃ আতিয়ার রহমান
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:sasemc1@gmail.com


১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, ................. (সংশ্লিষ্ট)
২। উপজেলা নির্বাহী অফিসার,......................... (সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাচন অফিসার, ....................... (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২০-১০

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৬ / ১৬ ফেব্রুয়ারি ২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৫. সিনিয়র সচিব/সচিব, ..........................................................(সংশ্লিষ্ট) বিভাগ/মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ............................................ (সংশ্লিষ্ট)
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, ........................................(সংশ্লিষ্ট)
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৫. জেলা প্রশাসক, ............................................ (সংশ্লিষ্ট)
১৬. পুলিশ সুপার, ...........................................................(সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .....................................(সংশ্লিষ্ট)
১৮. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................... এর একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. প্রোগ্রামার (সংশ্লিষ্ট), সিনিয়র সহকারী সচিব/সহকারী ..........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ..................................................(সংশ্লিষ্ট)
২৩. ...........................................................................................রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ............................................................ (সংশ্লিষ্ট থানা)।

25/02/2020
(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২

সংলগ্নী-১

## ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের বিবরণী

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | চুয়াডাঙ্গা | দামুড়হুদা | নতিপোতা | চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য |
| ২. | | | নাটুদহ | |

০৩/০২/২০২০
মোহাম্মদ আশফাকুর রহমান
সহকারী সচিব
নির্বাচন কমিশন সচিবালয়

সংলগ্নী-২

## ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য চেয়ারম্যান, সাধারণ ওয়ার্ডের সদস্য ও সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচনের বিবরণী

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| ১. | দিনাজপুর | খানসামা | আলোকঝাড়ী | ২নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ২. | | নবাবগঞ্জ | জয়পুর | ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৩. | রংপুর | পীরগাছা | ইটাকুমারী | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪. | | বদরগঞ্জ | গোপীনাথপুর | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫. | | মিঠাপুকুর | বড়হযরতপুর | ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৬. | কুড়িগ্রাম | ভূরুঙ্গামারী | জয়মনিরহাট | চেয়ারম্যান |
| ৭. | | চিলমারী | থানাহাট | ৮নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৮. | | | রমনা মডেল | ৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য |
| ৯. | গাইবান্ধা | সদর | সাহাপাড়া | চেয়ারম্যান |
| ১০. | | সাঘাটা | কামালেরপাড়া | ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ১১. | বগুড়া | শাজাহানপুর | আড়িয়া | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১২. | | | খরনা | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৩. | | শিবগঞ্জ | পিরব | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৪. | চাঁপাইনবাবগঞ্জ | সদর | বারঘরিয়া | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৫. | | শিবগঞ্জ | পাঁকা | চেয়ারম্যান |
| ১৬. | | গোমস্তাপুর | পার্বতীপুর | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৭. | নওগাঁ | সদর | হাপানিয়া | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৮. | রাজশাহী | চারঘাট | চারঘাট | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৯. | | পবা | হড়গ্রাম | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২০. | | বাগমারা | হামিরকুৎসা | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২১. | | গোদাগাড়ী | মাটিকাটা | চেয়ারম্যান |
| ২২. | সিরাজগঞ্জ | উল্লাপাড়া | দুর্গানগর | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৩. | | কাজিপুর | নিশ্চিন্তপুর | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৪. | পাবনা | সাঁথিয়া | ভুলবাড়ীয়া | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৫. | | ফরিদপুর | বনওয়ারীনগর | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৬. | কুষ্টিয়া | সদর | উজানগ্রাম | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৭. | | | আলামপুর | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৮. | ঝিনাইদহ | মহেশপুর | মান্দারবাড়ীয়া | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৯. | মাগুরা | শালিখা | তালখড়ি | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩০. | বরগুনা | সদর | ঢলুয়া | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩১. | ভোলা | বোরহানউদ্দিন | বড়মানিকা | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩২. | পটুয়াখালী | মির্জাগঞ্জ | কাকড়াবুনিয়া | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৩. | | | মাধবখালী | ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৩৪. | | গলাচিপা | পানপট্টি | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৫. | পিরোজপুর | কাউখালী | আমরাজুড়ি | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৬. | জামালপুর | ইসলামপুর | নোয়ারপাড়া | চেয়ারম্যান |
| ৩৭. | | | বেলগাছা | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৮. | শেরপুর | নকলা | পাঠাকাটা | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৯. | ময়মনসিংহ | ভালুকা | মল্লিকাবাড়ী | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪০. | নেত্রকোনা | মদন | নায়েকপুর | ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৪১. | | মোহনগঞ্জ | বড়কাশিয়া বিরামপুর | ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৪২. | | বারহাট্টা | বাউসী | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৩. | কিশোরগঞ্জ | পাকুন্দিয়া | হোসেন্দী | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৪. | | নিকলী | কারপাশা | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৫. | | তাড়াইল | রাউতি | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৬. | ঢাকা | কেরাণীগঞ্জ | শুভ্যাঢ্যা | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৭. | | নবাবগঞ্জ | গালিমপুর | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৮. | | | কৈলাইল | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৯. | গাজীপুর | কাপাসিয়া | দুর্গাপুর | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫০. | | | ঘাগটিয়া | ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৫১. | নরসিংদী | সদর | করিমপুর | চেয়ারম্যান |
| ৫২. | | রায়পুরা | মির্জারচর | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৩. | | | পাড়াতলী | ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৫৪. | নারায়ণগঞ্জ | বন্দর | বন্দর | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৫. | মানিকগঞ্জ | হরিরামপুর | গোপীনাথপুর | ৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৬. | রাজবাড়ী | সদর | পাঁচুরিয়া | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৭. | মাদারীপুর | শিবচর | বহেরাতলা উত্তর | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৮. | | | বন্দরখোলা | ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৫৯. | গোপালগঞ্জ | সদর | জালালাবাদ | ৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬০. | | কাশিয়ানী | পারুলিয়া | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬১. | | | সিংগা | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬২. | | | রাজপাট | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৩. | | টুঙ্গিপাড়া | কুশলী | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৪. | | | বর্ণি | ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৬৫. | | মুকসুদপুর | উজানি | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৬. | | | খান্দারপাড়া | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬৭. | শরীয়তপুর | ভেদরগঞ্জ | কাচিকাটা | চেয়ারম্যান |
| ৬৮. | সুনামগঞ্জ | দোয়ারাবাজার | সুরমা | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৬৯. | | বিশ্বম্ভরপুর | সলুকাবাদ | চেয়ারম্যান |
| ৭০. | | শাল্লা | শাল্লা | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭১. | | দক্ষিণ সুনামগঞ্জ | পাথারিয়া | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭২. | | | পশ্চিম বীরগাঁও | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭৩. | | ছাতক | কালারুকা | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭৪. | সিলেট | সদর | টুকেরবাজার | ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৭৫. | | | খাদিম নগর | ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৭৬. | | গোলাপগঞ্জ | শরীফগঞ্জ | ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| ৭৭. | | বিশ্বনাথ | দেওকলস | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭৮. | ব্রাহ্মণবাড়িয়া | নবীনগর | কৃষ্ণনগর | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭৯. | | | জিনদপুর | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮০. | | কসবা | মেহারী | ১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮১. | | বাঞ্ছারামপুর | মানিকপুর | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮২. | কুমিল্লা | চান্দিনা | বাতাঘাসী | চেয়ারম্যান |
| ৮৩. | | | বরকইট | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮৪. | | লাকসাম | মুদাফরগঞ্জ উত্তর | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮৫. | | আদর্শ সদর | দক্ষিণ দুর্গাপুর | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮৬. | | দাউদকান্দি | গৌরিপুর | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮৭. | ফেনী | সদর | কালিদহ | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮৮. | নোয়াখালী | সেনবাগ | বীজবাগ | ৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৮৯. | | সোনাইমুড়ী | নাটেশ্বর | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯০. | | চাটখিল | খিলপাড়া | ৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯১. | লক্ষ্মীপুর | সদর | দত্তপাড়া | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯২. | চট্টগ্রাম | পটিয়া | শোভনদন্ডী | ৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯৩. | | হাটহাজারী | ছিপাতলী | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯৪. | | | মেখল | ৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯৫. | কক্সবাজার | সদর | চৌফলদন্ডী | ২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৯৬. | খাগড়াছড়ি পার্বত্য জেলা | গুইমারা | সিন্দুকছড়ি | ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |

২৭/০২/২০২০
সহকারী সচিব
নির্বাচন কমিশন সচিবালয়